



বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

ও
রিটার্নিং অফিসারের কার্যালয়

www.ecs.gov.bd

নং ১৭.০৭.৫৮০০.০০০.৪০.০০১.২৪- ২২৪

তারিখ: ০৭ই চৈত্র ১৪৩০
২১ মার্চ ২০২৪

গণ-বিজ্ঞপ্তি

যেহেতু নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী ২১ মার্চ ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৪.২৪.-১২৫ এর মাধ্যমে মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলা পরিষদ এর চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ধার্য করে প্রজ্ঞাপন জারি করেছে:-

| | | | |
|--|---|---------------------------------------|--------------------|
| রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৫ এপ্রিল ২০২৪ ০২ বৈশাখ ১৪৩১ | সোমবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৭ এপ্রিল ২০২৪ ০৪ বৈশাখ ১৪৩১ | বুধবার |
| মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের | : | ১৮-২০ এপ্রিল ২০২৪ ০৫-০৭ বৈশাখ ১৪৩১ | বৃহস্পতিবার-শনিবার |
| আপিল নিষ্পত্তি | : | ২১ এপ্রিল ২০২৪ ০৮ বৈশাখ ১৪৩১ | রবিবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২২ এপ্রিল ২০২৪ ০৯ বৈশাখ ১৪৩১ | সোমবার |
| প্রতীক বরাদ্দ | : | ২৩ এপ্রিল ২০২৪ ১০ বৈশাখ ১৪৩১ | মঙ্গলবার |
| ভোট গ্রহণের তারিখ | : | ০৮ মে ২০২৪ ২৫ বৈশাখ ১৪৩১ | বুধবার |
| ভোটগ্রহণের সময়সীমা: সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত ব্যালট এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে | | | |

২। এক্ষণে, সেহেতু, আমি মোহাম্মদ শাহীন আকন্দ, জেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার ও রিটার্নিং অফিসার, বড়লেখা উপজেলা পরিষদ নির্বাচন, উক্ত বিধিমালায় বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, বড়লেখা উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আগামী ১৫ এপ্রিল ২০২৪/০২ বৈশাখ ১৪৩১ তারিখ বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন সময় অনলাইনে দাখিল করা যাবে।

৩। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচন কমিশনের ওয়েব সাইটে (www.ecs.gov.bd) প্রবেশ করে বাম পাশে ম্যানুবারে 'অনলাইনে মনোনয়নপত্র দাখিল' লিংকে প্রবেশ করে মনোনয়ন দাখিল করতে হবে।

তারিখ ২ ১ দিন ০ ৩ মাস ২ ০ ২ ৪ বৎসর

২১/০৬/২৪
 (মোহাম্মদ শাহীন আকন্দ)
 জেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার
 ও
 রিটার্নিং অফিসার,
 বড়লেখা উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪
 তারিখ: ০৭ই চৈত্র ১৪৩০
 ২১ মার্চ ২০২৪

নং ১৭.০৭.৫৮০০.০০০.৪০.০০১.২৪- ২২৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) -

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- ৪। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
- ৫। উপমহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট
- ৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট
- ৭। জেলা প্রশাসক, মৌলভীবাজার
- ৮। পুলিশ সুপার, মৌলভীবাজার
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা, মৌলভীবাজার
- ১০। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, মৌলভীবাজার
- ১১। জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার (উল্লেখিত নির্বাচনি এলাকায় বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১২। উপজেলা নির্বাচন অফিসার, বড়লেখা ও সহকারী রিটার্নিং অফিসার (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১৩। অফিসার ইন-চার্জ, বড়লেখা থানা, মৌলভীবাজার
- ১৪। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, মৌলভীবাজার
- ১৫। প্রতিনিধি, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার, মৌলভীবাজার

২১/০৬/২৪
 (মোহাম্মদ শাহীন আকন্দ)
 জেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার
 ও
 রিটার্নিং অফিসার,
 বড়লেখা উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪